# নরুল হক নুরের জ্ঞান ফেরার পর সিটি স্ক্যান সম্পন্ন, ৬ সদস্যের মেডিকেল বোর্ড গঠন



সংগৃহীত ছবি

বিজয়নগরে সংঘর্ষে গুরুতর আহত গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের জ্ঞান ফেরেছে। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউতে রাখা হয়েছে এবং সিটি স্ক্যান করা হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ তার চিকিৎসার জন্য ৬ সদস্যের বিশেষ মেডিকেল বোর্ড গঠন করেছে।

শনিবার (৩০ আগস্ট) সকালে ঢাকা মেডিকেল কলেজে জ্ঞান ফেরার পর নুরুল হক নুরকে সিটি স্ক্যান করা হয়েছে। পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, শুক্রবার রাত ১১টার দিকে নুরকে হাসপাতালে আনা হলে জরুরি বিভাগের ওয়ান-স্টপ ইমারজেন্সি সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে রাত ১২টার দিকে তাকে আইসিইউতে স্থানান্তর করা হয়।

চিকিৎসকরা জানিয়েছেন, নুরের মস্তিষ্কে রক্তক্ষরণ এবং নাকের হাড় ভেঙে যাওয়ায় তাকে আইসিইউতে রাখা হয়েছে। বর্তমানে রক্তক্ষরণ বন্ধ হয়েছে এবং জ্ঞান ফিরেছে। তবে চিকিৎসকরা ৪৮ ঘণ্টা পর্যন্ত পরিস্থিতি স্থিতিশীল কি না তা পর্যবেক্ষণ করছেন।

LENS ASIA

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ৬ সদস্যের উচ্চ পর্যায়ের মেডিকেল বোর্ড গঠন করেছে নুরের চিকিৎসার জন্য। হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান বলেন, "নুরের মাথায় আঘাত এবং নাকের হাড় ভাঙার কারণে অতিরিক্ত রক্তক্ষরণ হয়েছিল। এখন তা নিয়ন্ত্রণে এসেছে এবং জ্ঞান ফিরে এসেছে।"

এর আগে শুক্রবার রাতে বিজয়নগরে জাতীয় পার্টি ও গণ অধিকার পরিষদের মধ্যে সংঘর্ষ ঘটে। সংঘর্ষের সময় আইনশৃঙ্খলা বাহিনীর হামলায় নুরসহ অনেকে আহত হন। আহতদের প্রথমে একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়, পরে উন্নত চিকিৎসার জন্য রাত ১১টার দিকে নুরকে ঢাকা মেডিকেল কলেজে আনা হয়।

গণ অধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান জানান, "পার্টি অফিসের সামনে সংবাদ সম্মেলনের প্রস্তুতি নেওয়ার সময় আইনশৃঙ্খলা বাহিনী আমাদের ওপর হামলা চালায়। এতে নুরুল হক নুর মারাত্মক আহত হন।"